

লীলা

আমি তোমার গোপালঠাকুর
মুখ রেখেছি ননির ভাঁড়ে
নাওয়াও খাওয়াও অষ্টপ্রহর
শুশ্রূষা দাও অসুখ হলে
তুমি আমার রাই কিশোরী
পাপ শেখালে সাইড ট্যুরে
গাছের ফাঁকে লুকিয়ে দেখছি
এক জোড়া চাঁদ চানের মধ্যে...
আমি তোমার রাধামাধব
কুল মজালে আমার জন্য
এইতো তুমি বুলন শেখাও...
নিজেই আবার দোলনা হচ্ছ
তুমি আমার বাঁশির বাতিক
আমি তোমার কদমতলি
লোক বোঝেনা, দু-চারটি যা
ফুল ফোটাচ্ছি তোমার বরেই।

সৌম্যদীপ দাশ

